

Fourteenth Meeting of the India-Nepal Bilateral Consultative Group on Security Issues

October 28, 2021

সুরক্ষা বিষয়ের উপরে ভারত-নেপাল পরামর্শ দলের চতুর্দশতম বৈঠক

অক্টোবর 28,2021

28শে অক্টোবর 2021 তারিখে বেঙ্গালুরুতে সুরক্ষা বিষয়ের উপরে ভারত-নেপাল পরামর্শ দলের(বিসিজিএসআই) চতুর্দশতম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন ভারত সরকারের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী অনুরাগ শ্রীবাস্তব, এবং অন্যদিকে নেপালের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন নেপাল সরকারের বিদেশ বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব (দক্ষিণ এশিয়া)মিস্টার তীর্থরাজ ওয়াগলে। এই প্রতিনিধি দলের মধ্যে ভারত ও নেপালের প্রতিরক্ষা মন্ত্রকের, বিদেশ মন্ত্রকের, গৃহ মন্ত্রণালয়ের আধিকারিকারা এবং ভারতীয় ও নেপালি সৈন্য বাহিনীর ডিরেক্টরেটের আধিকারিকরা ও জাতীয় বিপর্যয় মোকাবিলা সংস্থার আধিকারিকরা উপস্থিত ছিলেন।

পারস্পরিক সুরক্ষা বিষয়ক, নেপালের সুরক্ষা বলের প্রশিক্ষণ ও ক্ষমতা বিকাশের প্রয়োজনীয়তা, বিপর্যয় মোকাবিলায় সহযোগিতা, বিভিন্ন প্রতিরক্ষা ভান্ডারের জন্য নেপাল সৈন্যবাহিনীর প্রয়োজনীয়তা, বিশেষজ্ঞ প্রশিক্ষকের বিনিময়, উচ্চ স্তরের এবং কার্যকরী পর্যায়ের সফরের বিনিময়, যৌথ সাহসী অভিযান ও উত্তেজনাপূর্ণ খেলাধুলার ক্রিয়াকর্ম এবং তথ্য বিনিময় সম্পর্কিত বিষয়গুলিকে ঘিরে আলোচনাগুলি অনুষ্ঠিত হয়েছে।

নিউ দিল্লি

অক্টোবর 28,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.